গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
নিরোধ শিক্ষা, গবেষণা ও প্রকাশনা শাখা
৪১ সেগুনবাগিচা, ঢাকা-১০০০

নম্বর- ৫৮.০২.০০০০.০০৭.৯৯.০৮৮.২৫.(খন্ড-১)-১০২

তারিখ: ৮ বৈশাখ ১৪৩৩
২১ এপ্রিল ২০২৬

বিষয়: ওয়েবসাইটে মাসিক বুলেটিন (এপ্রিল/২০২৬)সংখ্যা আপলোডের অনুরোধ

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মাসিক অনলাইন বুলেটিন এপ্রিল/২০২৬ সংখ্যা সম্পাদনা পর্ষদ কর্তৃক প্রস্তুত করা হয়েছে। উক্ত বুলেটিনের অনলাইন সংখ্যা এপ্রিল/২০২৬ ওয়েবসাইটে আপলোড করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো ।

21.04.26
(কাসফিয়া আলম)
সহকারী পরিচালক (গবেষণা ও প্রকাশনা)

প্রোগ্রামার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
প্রধান কার্যালয়, ঢাকা

বিতরণ

১) পরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
২) অতিরিক্ত পরিচালক, গোয়েন্দা অধিশাখা, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৩) উপপরিচালক (নিরোধ শিক্ষা), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৪) সহকারী পরিচালক (জনসংযোগ), মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, প্রধান কার্যালয়, ঢাকা
৫) মহাপরিচালকের স্টাফ অফিসার (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৬) অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৭) অফিস কপি

# মাসিক বুলেটিন, এপ্রিল-২০২৬

## অনলাইন সংখ্যা-৫৪

## মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর

মাদকাসক্তিমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়কে সামনে রেখে দেশে মাদকের অপব্যবহার ও অবৈধ মাদকদ্রব্য পাচাররোধে অতন্দ্র প্রহরীর ভূমিকা নিরলসভাবে কাজ করে যাচ্ছে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর। অধিদপ্তরের অপারেশনাল কার্যক্রমের মাধ্যমে একদিকে মাদকের অপব্যবহার রোধ, সরবরাহ হ্রাস এবং চোরাচালানে জড়িতদের আইনের আওতায় নিয়ে আসা হচ্ছে, একই সাথে মাদকবিরোধী গণসচেতনতা সৃষ্টি এবং মাদকাসক্তদের চিকিৎসা ও পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে।

অপারেশনাল কার্যক্রমের অংশ হিসেবে অধিদপ্তর কর্তৃক মার্চ/২০২৬ মাসে সারাদেশে সর্বমোট ৮৯৭৯টি অভিযান পরিচালনা করে ২৬৫১টি মামলা রুজু এবং ২৭৭৫ জন আসামি গ্রেফতার করা হয়েছে যা মাদকবিরোধী সার্বিক কার্যক্রমকে প্রতিনিয়ত গতিশীল করছে।পাশাপাশি গ্রেফতারকৃত আসামিদের মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮(২০২০ সাল পর্যন্ত সংশোধনীসহ) প্রয়োগের মাধ্যমে মৃত্যুদন্ড, যাবজ্জীবন ও অর্থদন্ডসহ বিভিন্ন মেয়াদে সাজা প্রদান করা হচ্ছে ।

গণসচেতনতামূলক কার্যক্রমের অংশ হিসাবে অধিদপ্তর কর্তৃক মার্চ/২০২৬ মাসে বিভাগ/জেলা/উপজেলা পর্যায়ে মাদকবিরোধী সভা/সেমিনার/ওয়ার্কশপ হয়েছে ০৮টি, শিক্ষা প্রতিষ্ঠানে এসেম্বলিতে/শ্রেণি কক্ষে মাদকবিরোধী ৩৩টি বক্তৃতা প্রদানের মাধ্যমে শিক্ষার্থীদের মাঝে মাদকের অপব্যবহারের কুফল সম্পর্কে অবহিত করা হয়েছে। এছাড়াও সরকারী/বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী স্লোগান সংবলিত ৩৩২০টি কলম, ২৬২৭টি খাতা, ১১০৭টি স্কেল, ১৬৮৭টি জ্যামিতি বক্স, ৫৭,৯৩৫টি লিফলেট, ৫৭টি এক্রিলিক পিভিসি বোর্ড স্থাপন এবং ৫২৭০টি স্টিকার বিতরণ করা হয়েছে। এছাড়া অমর একুশে বইমেলা ২০২৬ এ মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর একটি স্টল স্থাপন করে মাদকবিরোধী প্রচারণা কার্যক্রম চালানো হয়। উক্ত বইমেলায় ১৬০০ টি খাতা, ২৬০০টি কলম, ৩০০টি ক্যাপ, ৩০০টি ক্যালেন্ডার, ১০০০টি স্টিকার, ১২০০টি লিফলেট বিতরণ করা হয়।

অধিদপ্তরের আওতাধীন সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রগুলোতে নতুন ও পুরাতন মিলিয়ে মার্চ/২০২৬ মাসে ৩০২৪ জন রোগীকে চিকিৎসা সেবা প্রদান করা হয়েছে। ঢাকা কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারসহ ৫টি বিভাগীয় রাসায়নিক পরীক্ষাগারসমূহের মার্চ/২০২৬ মাসে সর্বমোট ২১২২টি নমুনার পরীক্ষা সম্পন্ন করা হয়েছে, যা অধিদপ্তর কর্তৃক রুজুকৃত মামলার তদন্তকে ত্বরান্বিত করছে।

বর্তমান মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ এর সুযোগ্য নেতৃত্বে নানামুখী যুগোপযোগী পদক্ষেপের মাধ্যমে মাদকাসক্তিমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়কে সফল করার জন্য অধিদপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারী নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর কর্তৃক মার্চ/২০২৬ মাসে পরিচালিত অভিযান, দায়েরকৃত মামলা, গ্রেফতারকৃত আসামী ও উদ্ধারকৃত আলামতের বিবরণ:**

| মার্চ/২০২৬ | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| অভিযান | মামলা | আসামী | আলামত: মাদকদ্রব্য | | অন্যান্য | |
| ৮৯৭৯ | ২৬৫১ | ২৭৭৫ | ইয়াবা | ৩০৯৫৭৫ পিস | যানবাহন | ২৬ টি |
| | | | হেরোইন | ০.৪৯১ কেজি | মোবাইল সেট | ৭১ টি |
| | | | গাঁজা | ৪২৩.৫০৩ কেজি | বিদেশী অস্ত্র | ৬ টি |
| | | | ফেন্সিডিল | ১১০৮ বোতল | ম্যাগাজিন | ৪ টি |
| | | | ফেন্সিডিল (তরল) | ০.৫ লিটার | গুলি | ১০০ রাউন্ড |
| | | | এসকফ সিরাপ | ২২১ বোতল | পাসপোর্ট | ৩ টি |
| | | | ফেয়ারডিল সিরাপ | ৮৫ বোতল | নগদ অর্থ | ২০,২৭,৩২০/- |
| | | | আইস | ১ গ্রাম | | |
| | | | কিটামিন | ৬.৩৫ কেজি | | |
| | | | বিদেশী মদ | ২২১ বোতল | | |
| | | | বিদেশী মদ | ৪৮.৭৫ লিটার | | |
| | | | দেশী মদ | ২০১.৭৫ লিটার | | |
| | | | চোলাই মদ | ৮৫০.৬৫ লিটার | | |
| | | | ওয়াশ | ৫৬০০ লিটার | | |
| | | | ইনজেক্টিং ড্রাগ | ২০১৭ এ্যাম্পুল | | |
| | | | ট্যাপেন্টাডাল | ১২৪৭২ পিস | | |
| | | | রেক্টিফাইট স্পিরিট | ১০ লিটার | | |
| | | | এ্যালকোহল | ০.৮৫ লিটার | | |
| | | | ইয়াবা গুড়া | ০.১৫৯ কেজি | | |
| | | | ইথানল | ১ লিটার | | |

সূত্র: অপারেশন অধিশাখা, ডিএনসি

Jannat

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মার্চ/২০২৬ মাসের গণসচেতনতামূলক কার্যক্রমের পরিসংখ্যান (বিভাগ ভিত্তিক):

| বিভাগীয় কার্যালয়ের নাম | ঢাকা | চট্টগ্রাম | রাজশাহী | খুলনা | বরিশাল | রংপুর | সিলেট | ময়মনসিংহ | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| জেলা/উপজেলা পর্যায়ে মাদক বিরোধী সভা/ওয়ার্কশপ সেমিনার আয়োজন | ০০ | ০১ | ০৫ | ০০ | ০১ | ০০ | ০০ | ০১ | ০৮ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত লিফলেট বিতরণ | ৪৪৩০ | ১৩৯৫০ | ১১৫৭৫ | ৯৯৮০ | ১৫০০ | ৯৮০০ | ১১০০ | ৫৬০০ | ৫৭৯৩৫ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত এক্রিলিক পিভিসি বোর্ড বিতরণ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০৫ | ০২ | ৫০ | ৫৭ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত স্টিকার বিতরণ | ৫০ | ১২০০ | ৬৪০ | ১৪৩০ | ৬০০ | ৭৫০ | ০০ | ৬০০ | ৫২৭০ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত কলম বিতরণ | ৩০০ | ১৭০ | ১৩০ | ৯৭০ | ৩০০ | ১০০০ | ২৫০ | ২০০ | ৩৩২০ |
| মাদকবিরোধী স্লোগান সংবলিত জ্যামিতি বক্স বিতরণ | ৩০০ | ০০ | ১১৭ | ২৫০ | ২০০ | ৫২০ | ১০০ | ২০০ | ১৬৮৭ |
| মাদকবিরোধী স্লোগান সংবলিত স্কেল বিতরণ | ৩০০ | ০০ | ১১৭ | ১৭০ | ২০০ | ১২০ | ০০ | ২০০ | ১১০৭ |
| মাদক বিরোধী স্লোগান সংবলিত খাতা বিতরণ | ৩০০ | ১৮০ | ১১৭ | ১০৯০ | ২০০ | ৩৪০ | ৩০০ | ১০০ | ২৬২৭ |
| শিক্ষা প্রতিষ্ঠান ভিত্তিক মাদকবিরোধী আলোচনা সভা/ বক্তৃতা | ০৪ | ০২ | ০৩ | ০৭ | ০০ | ০৯ | ০৬ | ০২ | ৩৩ |
| অভিযানকালে মাদকবিরোধী বক্তৃতা প্রদান | ৫৭ | ২২ | ৭৫ | ৩৫ | ৩৯ | ০০ | ০৩ | ১৫ | ২৪৬ |
| শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী খেলাধুলা | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ |
| শিক্ষা প্রতিষ্ঠানে মাদকবিরোধী প্রশিক্ষক/মেন্টর তৈরী | ০০ | ০০ | ০০ | ০০ | ০০ | ০১ | ০০ | ০০ | ০১ |
| ধর্মীয় প্রতিষ্ঠান ,ক্লাব, এনজিও ও সামাজিক সংগঠনের মাধ্যমে আলোচনা সভা ও শর্ট ফিল্ম/টিভিসি/ডকুমেন্টারি ইত্যাদি প্রর্দশন | ৩৬ | ২৮ | ০২ | ২৯ | ০০ | ১৮ | ০০ | ০৫ | ১১৮ |

সূত্র : নিরোধ শিক্ষা অধিশাখা, ডিএনসি

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন ৫টি বিভাগের কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগারে মার্চ/২০২৬ মাসে মামলার নমুনা পরীক্ষার পরিসংখ্যান:**

| বিভাগ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | বাংলাদেশ পুলিশ | রেলওয়ে পুলিশ/বিজিবি | অন্যান্য | রাসায়নিক পরীক্ষা সম্পন্ন | | সর্বমোট | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | পজেটিভ | নেগেটিভ | | |
| কেন্দ্রীয় রাসায়নিক পরীক্ষাগার ঢাকা | ৫৭১ | ১৭৮ | -- | -- | ৭৪৯ | -- | ৭৪৯ | |
| রাসায়নিক পরীক্ষাগার চট্টগ্রাম | ১৬৩ | ১৪৫ | -- | -- | ৩০৭ | ০১ | ৩০৮ | |
| রাসায়নিক পরীক্ষাগার রাজশাহী | ৪০২ | -- | বিজিব-১ | -- | ৪০৩ | -- | ৪০৩ | |
| রাসায়নিক পরীক্ষাগার বরিশাল | ৩৮ | ২৬৪ | -- | -- | ৩০২ | -- | ৩০২ | |
| রাসায়নিক পরীক্ষাগার সিলেট | ১১৯ | ২৪১ | -- | -- | ৩৬০ | -- | ৩৬০ | |
| সর্বমোট | ১২৯৩ | ৮২৮ | ০১ | -- | ২১২১ | -- | ২১২২ | |

সূত্র: রাসায়নিক পরীক্ষাগার, ডিএনসি

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের আওতাধীন মাদকাসক্তি নিরাময় কেন্দ্র কর্তৃক মার্চ/২০২৬ মাসে চিকিৎসা সেবা প্রদানের পরিসংখ্যান :**

| সরকারি ও বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে চিকিৎসা গ্রহণকারী রোগীর পরিসংখ্যান | | | |
|---|---|---|---|
| কেন্দ্রের নাম | নতুন | পুরাতন | মোট |
| কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, তেজগাঁও, ঢাকা | ৭৪ জন | ১১৪ জন | ১৮৮ জন |
| বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র, রাজশাহী | ১৯ জন | ১২ জন | ৩১ জন |
| বিভাগীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র ,চট্টগ্রাম | ২৫ জন | ৩৩ জন | ৫৮জন |
| বেসরকারি মাদকাসক্তি নিরাময় কেন্দ্রে | ১৩৬৬ জন | ১৩৮১ জন | ২৭৪৭ জন |
| | মোট= ১৪৮৪ | মোট=১৫৪০ | সর্বমোট= ৩০২৪ |

সূত্র: চিকিৎসা ও পুনর্বাসন অধিশাখা, ডিএনসি

Jannat




১০ মার্চ ২০২৬ তারিখ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে, ঢাকা কর্তৃক "মাদকাসক্তির চিকিৎসা ও পুনর্বাসনের জন্য জাতীয় গাডলাইন, বাংলাদেশ ২০২৩" এর হালনাগাদ সংস্কারের লক্ষ্যে কর্মশালায় বক্তব্য প্রদান করছেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ




১১ মার্চ ২০২৬ তারিখ UNODC কর্তৃপক্ষ কর্তৃক ড্রাগ টেস্টিংকিট হস্তান্তর অনুষ্ঠানে মার্কিন রাষ্ট্রদূত ব্রেন্ট ক্রিস্টেনসেনের নিকট হতে কিট গ্রহণ করেছেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ




১১ মার্চ ২০২৬ তারিখ UNODC কর্তৃপক্ষ কর্তৃক ড্রাগ টেস্টিংকিট হস্তান্তর গ্রহণ অনুষ্ঠানে উপস্থিত যুক্তরাষ্ট্রের রাষ্ট্রদূতসহ UNODC এর প্রতিনিধিগণ, অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ এবং অধিদপ্তরের অন্যান্য কর্মকর্তাবৃন্দ




১২ মার্চ ২০২৬ তারিখ অমর একুশে বইমেলায় মাদকবিরোধী ক্যালেন্ডার ও খাতা বিতরণ করছেন অধিদপ্তরের মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ




**অমর একুশে বইমেলা ২০২৬** এ মাদকবিরোধী সামগ্রী বিতরণের খন্ডচিত্র




**অমর একুশে বইমেলা ২০২৬** এ স্টলে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের দায়িত্বরত কর্মকতা-কর্মচারীবৃন্দের সাথে মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ

Jannat



২৫ মার্চ ২০২৬ তারিখ অভিযানে **৬.৩০০ গ্রাম কিটামিনসহ তিনজন চীনা নাগরিক গ্রেফতার সংক্রান্ত** প্রেস কনফারেন্সে বক্তব্য প্রদান করেন অধিদপ্তরের **মহাপরিচালক জনাব মো: হাসান মারুফ**





২৫ মার্চ ২০২৬ তারিখ অভিযানে **৬.৩০০ গ্রাম কিটামিন, বিপুল পরিমাণ রাসায়নিক দ্রব্য, ডিজিটাল স্কেল, বিভিন্ন ল্যাব সরঞ্জাম, প্যাকেটজাতকরণ যন্ত্রপাতি, মোবাইল ফোন, দেশী বিদেশী মুদ্রাসহ** জব্দকৃত আলামত




৭ মার্চ ২০২৬ তারিখ জেলা কার্যালয়, নারায়ণগঞ্জ কর্তৃক আয়োজিত "মাদকবিরোধী আলোচনা সভা ও শিক্ষাসামগ্রী বিতরণ" অনুষ্ঠানে বক্তব্য প্রদান করছেন অধিদপ্তরের পরিচালক (নিরোধ শিক্ষা) জনাব মাজহারুল ইসলাম



পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৬ উপলক্ষে ২ মার্চ ২০২৬ তারিখ জেলা কার্যালয়, নীলফামারীতে বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মাঝে মাদকবিরোধী প্রচারণামূলক লিফলেট বিতরণ





পবিত্র ঈদ-উল-ফিতর ২০২৬ উপলক্ষে ২০ মার্চ ২০২৬ তারিখ জেলা কার্যালয়, মেহেরপুর কর্তৃক মাদকবিরোধী অস্থায়ী চেকপোস্ট পরিচালনা করা হয়



মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষে জেলা কার্যালয় নারায়ণগঞ্জ এর পক্ষ হতে বিনম্র শ্রদ্ধাঞ্জলি জ্ঞাপন




১ মার্চ ২০২৬ তারিখ **জেলা কার্যালয়, চট্টগ্রাম** কর্তৃক অভিযান পরিচালনা করে **১০,৩০০ পিস ইয়াবাসহ** ৩ জন আসামী গ্রেফতার




১ মার্চ ২০২৬ তারিখ **জেলা কার্যালয়, কক্সবাজার** কর্তৃক অভিযান পরিচালনা করে **১০,০০০ পিস ইয়াবাসহ** ১ জন আসামী গ্রেফতার




৩ মার্চ´২০২৬ তারিখ **বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা** কর্তৃক অভিযান পরিচালনা করে **১০,০০০ পিস ইয়াবাসহ** ১ জন আসামী গ্রেফতার



৩ মার্চ´২০২৬ তারিখ **বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, চট্টগ্রাম** কর্তৃক পৃথক পৃথক অভিযান পরিচালনা করে **৬,৮০০ পিস ইয়াবাসহ** ৪ জন আসামী গ্রেফতার




৩ মার্চ ২০২৬ তারিখ **জেলা কার্যালয় বগুড়া** কর্তৃক অভিযান পরিচালনা করে **১৫কেজি গাজাঁসহ** ১ জন আসামী গ্রেফতার



৪ মার্চ ২০২৬ তারিখ **বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, চট্টগ্রাম** কর্তৃক অভিযান পরিচালনা করে **৫,২৫০ পিস ইয়াবাসহ** ৩ জন আসামী গ্রেফতার

Jannat



৬ মার্চ ২০২৬ তারিখ **জেলা কার্যালয়, কুড়িগ্রাম** কর্তৃক অভিযান পরিচালনা করে **৩০ কেজি গাঁজাসহ** ১ জন আসামী গ্রেফতার



৭ মার্চ ২০২৬ তারিখ **বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, খুলনা** কর্তৃক অভিযান পরিচালনা করে **৯৬ রাউন্ড গুলি, ৩টি বিদেশী পিস্তল, ২টি রিভলবার, ৪ টি ম্যাগাজিনসহ** ১ জন আসামী গ্রেফতার


Jannat





৮ মার্চ ২০২৬ তারিখ **জেলা কার্যালয় চট্টগ্রাম 'খ'সার্কেল** কর্তৃক অভিযান পরিচালনা করে **১৯,৯০০ পিস ইয়াবাসহ** ৫ জন আসামী গ্রেফতার



১০ মার্চ ২০২৬ তারিখ **জেলা কার্যালয়, নেত্রকোনা** কর্তৃক অভিযান পরিচালনা করে **২৯ কেজি গাঁজাসহ** ৪ জন আসামী গ্রেফতার






১২ মার্চ ২০২৬ তারিখ **ঢাকা মেট্রো কার্যালয় (উত্তর) উত্তরা সার্কেল** কর্তৃক অভিযান পরিচালনা করে **১০,০০০ পিস ইয়াবাসহ** ১ জন আসামী গ্রেফতার




১৩ মার্চ ২০২৬ তারিখ **বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা** কর্তৃক অভিযান পরিচালনা করে **৬,৩০০ পিস ইয়াবা ও ১০০ গ্রাম হেরোইনসহ** ১ জন আসামী গ্রেফতার




১৩ মার্চ ২০২৬ তারিখ **বিভাগীয় গোয়েন্দা কার্যালয়, ঢাকা** কর্তৃক অভিযান পরিচালনা করে **৬৫বোতল বিদেশী মদসহ** ২ জন আসামী গ্রেফতার





১৪ মার্চ ২০২৬ তারিখ **ঢাকা মেট্রো কার্যালয় (উত্তর)রমনা সার্কেল** কর্তৃক অভিযান পরিচালনা করে **৮,২০০ পিস ইয়াবাসহ** ২ জন আসামী গ্রেফতার




১৫ মার্চ ২০২৬ তারিখ **জেলা কার্যালয়, যশোর** কর্তৃক অভিযান পরিচালনা করে বিভিন্ন ব্যান্ডের **৫২ বোতল বিদেশী মদসহ** ১ জন আসামী গ্রেফতার



২৭ মার্চ ২০২৬ তারিখ **জেলা কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া** কর্তৃক অভিযান পরিচালনা করে **২০কেজি গাঁজাসহ** ১ জন আসামী গ্রেফতার

Jannat



২৭ মার্চ ২০২৬ তারিখ **জেলা কার্যালয় গাজীপুর** কর্তৃক অভিযান পরিচালনা করে **১০,০০০ পিস ইয়াবাসহ** ২ জন আসামী গ্রেফতার




২৯ মার্চ ২০২৬ তারিখ **ঢাকা মেট্রো কার্যালয় (দক্ষিণ) কোতায়ালি সার্কেল** কর্তৃক অভিযান পরিচালনা করে **২২০ বোতল ফেন্সিডিলসহ** ২ জন আসামী গ্রেফতার